

# নতুন ওয়েব ডেভেলপারদের জন্য সার্ভার ব্যবস্থাপনা

মো: নাজমুল হক

পর্ব-২

ওয়েব ডেভেলপারদের জন্য সার্ভার ব্যবস্থাপনার ডিউটরিয়ালের দ্বিতীয় পর্বে জনপ্রিয় সার্ভার মানেজমেন্ট আন্ট্রিকেশন সিপ্যানলে হোস্টিং কন্ট্রোল প্যানেলের কিছু প্রাথমিক বিষয় আলোচনা করা হয়েছিল। এ পর্বে লোকাল সার্ভারে তৈরি করা ডায়নামিক/ডাটাবেজনির্ভর ওয়েবসাইট সিপ্যানলে আপলোড করা, এফটিপি তৈরি করা, ওয়েবমেইল তৈরি করা ইত্যাদি দেখানো হয়েছে।

## ডায়নামিক/ডাটাবেজনির্ভর ওয়েবসাইট সিপ্যানলে আপলোড করা

আপনার ওয়েবসাইটের যদি কোনো ডাটাবেজ থাকে, তাহলে ওয়েবসাইটের ফাইলগুলো সার্ভারে আপলোড করার পাশাপাশি ডাটাবেজটিকেও সার্ভারে তুলতে হবে এবং ফাইলের সাথে ডাটাবেজটিকে কানেক্ট করে দিতে হবে।

ডায়নামিক ওয়েবসাইটের জন্য প্রথমে সিপ্যানলের Databases ট্যাবের MySQL Databases অপশনে ক্লিক করুন। তারপর নিচের ধাপগুলো সম্পন্ন করুন:

01. Create New Database অপশনে ডাটাবেজ নাম লিখে Create Database বাটনে ক্লিক করুন। প্রতিটি ডাটাবেজ তৈরি করার পর এর জন্য একটি ইউজার তৈরি করতে হয়।
02. এখন MySQL Databases পেজের নিচের দিকে ক্লিক করুন। এখানে My-SQL Users সেকশনের অধীনে Add New User অপশনে আপনার ডাটাবেজের ইউজারনেম এবং পাসওয়ার্ড দিয়ে Create User বাটনে ক্লিক করলে ডাটাবেজের ইউজারনেম তৈরি হবে। এবার এটিকে ডাটাবেজের সাথে যুক্ত করে দিতে হবে।
03. MySQL User সেকশনের নিচে Add to user Database অপশনে আপনার সম্ভ্রতি তৈরি করা ডাটাবেজ এবং ডাটাবেজের ইউজারনেম ড্রপডাউন অপশন থেকে সিলেক্ট করে Add বাটনে ক্লিক করুন। নতুন একটি পেজে User Privileges-এর একটি টেবিল আসবে। এখানে ALL PRIVILEGES চেকবক্সে ক্লিক করে Make Changes বাটনে ক্লিক করলে আপনার তৈরি করা ইউজার ডাটাবেজ নিয়ন্ত্রণের সম্পূর্ণ অধিকার পাবে।
04. এবার Databases ট্যাবের PhpMyadmin অপশনে ক্লিক করুন এবং বাম দিকের সাইটবার থেকে ডাটাবেজটি সিলেক্ট করে Import বাটনে ক্লিক করুন। লোকাল সার্ভারে রাখা ডাটাবেজটিকে ইমপোর্ট করুন।

05. লোকাল সার্ভারে রাখা ওয়েবসাইটের সব ফাইল ও ফোল্ডার ফাইল মানেজারের Web Root (public html) ফোল্ডারের ভেতরে আপলোড করুন এবং configure.php ফাইলে ডাটাবেজের নাম এবং ইউজারনেম আপডেট করলে ওয়েবসাইটটি আপনার ডোমেইনে লিভি হয়ে যাবে। এই configure.php ফাইলটিতে সাধারণত ডাটাবেজটি যুক্ত থাকে। আপনার সাইটটি যদি ওয়ার্ডপ্রেসে করা হয়ে থাকে, তাহলে wp-config.php ফাইলে ডাটাবেজের নাম এবং ইউজারনেম আপডেট করুন। যদি জুমলা করা হয়ে থাকে, তাহলে configuration.php



ফাইলে ডাটাবেজের নাম ও ইউজারনেমটি আপডেট করুন। মূল কথা হচ্ছে, আপনার সাইটের যে ফাইলটিতে ডাটাবেজটি লিখ করা আছে সেটিই আপডেট করুন।

## এফটিপি তৈরি ও এফটিপি দিয়ে ফাইল আপলোড করা

FTP বা File Transfer Protocol হচ্ছে একটি ধার্ম পার্টি সফটওয়্যার, যার মাধ্যমে আমরা ফাইলগুলো আমাদের সার্ভারে আপলোড করতে পারি। সাধারণত সিপ্যানলের ফাইল আপলোড অপশন ব্যবহার করে ফাইলগুলো আপলোড করি, কিন্তু আমাদের সাইটের ফাইল সাইজ যখন খুব বড় হবে তখন এভাবে ফাইল আপলোড করতে অনেক সমস্যা হবে। সেফকরে এফটিপি ব্যবহার করে অনেক বড় সাইজের ফাইলগুলো আপলোড করতে পারি।

এফটিপি ব্যবহার করার জন্য প্রথমে সিপ্যানলে একটি এফটিপি অ্যাকাউন্ট তৈরি করে দিতে হবে। সিপ্যানলে এফটিপি তৈরি করার জন্য নিচের ধাপগুলো সম্পন্ন করুন:

01. Files ট্যাবের FTPAccounts অপশনে ক্লিক করুন। Add FTP Account সেকশনের অধীনে Login Name, পাসওয়ার্ড এবং ডাইরেক্টরি দিয়ে Add FTP Account বাটনে ক্লিক করুন। সাধারণত যে লগইন নেম দেবেন সেই নামেই একটি ডাইরেক্টরি তৈরি

হবে। যদি আপনার সার্ভারের সফট এফটিপি অ্যাক্সেস দিতে চান, তবে public html-এর পর তৈরি হওয়া লগইন নেমটি ডিলিট করে দিন।

02. FTPAccounts সেকশনে আপনার তৈরি করা এফটিপি দেখতে পারবেন। এখানে থেকে Configure FTP Client-এ ক্লিক করুন। এখানে আপনার এফটিপি ইউজারনেম, এফটিপি সার্ভারনেম, এফটিপি সার্ভার পোর্টের ইনফরমেশন পেয়ে যাবেন।
03. এবার যেকোনো একটি এফটিপি সফটওয়্যার (Filezilla, Core FTP, CuteFTP) আপনার পিসিতে ইনস্টল করে সফটওয়্যারটি চালু করুন। এফটিপিটি সফটওয়্যারগুলোর মধ্যে ফাইলজিলা অনেক জনপ্রিয়। ফাইলজিলা চালু করার পর Hostname, Username, Password, Port-এর তথ্য দিয়ে সার্ভারে লগইন করুন।
04. এখন আপনার সফটওয়্যারের ডান পাশে Remote site-এ আপনার ওয়েবসাইটের ফাইল দেখতে পাবেন এবং বামপাশে Local

site-এ আপনার পিসির সব ফাইল দেখতে পাবেন। এবার পিসির ওয়েবসাইটের ফোল্ডার ব্রাউজ করে সব ফাইল সিলেক্ট করে ড্রাফ করে ডানপাশে ছেড়ে দিন বা সব ফাইল সিলেক্ট করে মাউসের রাইট বাটন ক্লিক করে আপলোডে ক্লিক করুন। তাহলেই আপনার লোকাল পিসির সব ফাইল আপনার সার্ভারে আপলোড হয়ে যাবে।

## ওয়েবসাইটের ডোমেইন নামে ওয়েবমেইল তৈরি করা

যে ডোমেইনটি আপনার ওয়েবসাইটের জন্য কিনলেন, সেই ডোমেইনের নামে ই-মেইল তৈরি করতে হলে প্রথমেই সিপ্যানলে লগইন করে Mail ট্যাবের EmailAccounts অপশনে ক্লিক করার পর Email Accounts সেকশনে ই-মেইলটির নাম, পাসওয়ার্ড এবং Mailbox Quota (আপনি মেইলটির জন্য কতটুকু সার্ভার স্পেস ব্যবহার করতে চান) দিয়ে Create Account বাটনে ক্লিক করলে তৈরি হয়ে যাবে আপনার ই-মেইল।

এবার ই-মেইলটি ব্যবহার করতে চাইলে আপনার ওয়েবসাইটের নামের পর ওয়েবমেইল লিখে ব্রাউজ করুন [www.mydomain.com/webmail](http://www.mydomain.com/webmail)। এবার তৈরি করা ই-মেইল অ্যাক্সেস এবং পাসওয়ার্ড দিয়ে আপনার ই-মেইল অ্যাকাউন্ট ব্যবহার করুন।

কিতব্যাক : [najmul.pss@gmail.com](mailto:najmul.pss@gmail.com)